

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৭২(আগরতলা, ১৬।৫)  
বিলোনীয়া, ১৬ মে, ২০১৮

বিলোনীয়ায় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তার কার্যালয়ের  
নতুন বাড়ীর উদ্বোধন ১৮ মে

আগামী ১৮মে বিলোনীয়ায় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের জেলা উপ-অধিকর্তার কার্যালয়ের নবনির্মিত পাকাবাড়ীর উদ্বোধন হবে। এ দিন বিকেল তিনটায় এই কার্যালয়ের নতুন বাড়ীর উদ্বোধন করবেন প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা। এই অনুষ্ঠানে বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক শংকর রায়, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারী ড. ইউ ভেঙ্কেটেশ্বরালু, জেলা শাসক দেবপ্রিয় বর্ধন, দপ্তরের অধিকর্তা ড. অসিত চক্রবর্তী প্রমুখ উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক।

\*\*\*\*\*